

শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.skt.gov.bd



স্মারক নং-৩৮.০১.০০০০.০২০.০১.০১০.২০-৭১৩

তারিখ : ২২ আশ্বিন ১৪২৭ বঃ
০৭ অক্টোবর ২০২০ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তর ও শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে। প্রার্থীদের নিম্নবর্ণিত পদের বিপরীতে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অন্যান্য যোগ্যতা থাকতে হবে এবং আবেদনের শর্তাবলী প্রতিপালন করতে হবে।

ক্র নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
১	হিসাব রক্ষক	০১ টি	বেতনস্কেল: টাকা ১১০০০- ২৬৫৯০/- (গ্রেড-১৩)	২৫/০৩/২০২০ তারিখে ১৮ থেকে ৩০ বৎসর (মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর)।	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে বেসিক কম্পিউটার কোর্সে উত্তীর্ণ।	সকল জেলা
২	সহকারী শিক্ষক	৪৪ টি	বেতনস্কেল: টাকা ৯৭০০- ২৩৪৯০/- (গ্রেড-১৫)	২৫/০৩/২০২০ তারিখে ২১ থেকে ৩০ বৎসর (মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর)।	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।	ঢাকা-০৬টি, গাজীপুর-০১টি, নারায়ণগঞ্জ-০৩টি, কিশোরগঞ্জ-০১টি, মাদারীপুর-০২টি, টাঙ্গাইল-০২টি, মুন্সিগঞ্জ-০১টি, ফরিদপুর-০১টি, রাজবাড়ি-০১টি, শরীয়তপুর-০১টি, শেরপুর-০১টি, সিলেট-০১টি, হবিগঞ্জ-০১টি, মৌলভীবাজার-০১টি, বরিশাল-০১টি, ভোলা-০২টি, পটুয়াখালী-০১টি, কুমিল্লা-০১টি, চট্টগ্রাম-০১টি, খাগড়াছড়ি-০১টি, ফেনী-০১টি, লক্ষীপুর-০১টি, নাটোর- ০১টি, চাঁপাইনবাবগঞ্জ-০১টি, যশোর- ০২টি, ঝিনাইদহ-০১টি, রংপুর-০১টি, লালমনিরহাট-০২টি, দিনাজপুর- ০১টি, ঠাকুরগাঁও-০২টি ও কুড়িগ্রাম- ০১টি।
৩	অফিস সহায়ক	০১ টি	বেতনস্কেল: টাকা ৮২৫০- ২০১০০/- (গ্রেড-২০)	২৫/০৩/২০২০ তারিখে ১৮ থেকে ৩০ বৎসর (মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর)।	(ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অনূন্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সকল জেলা

আবেদনের শর্তাবলীঃ

- আগ্রহী প্রার্থীগণকে অনলাইন-এ দরখাস্ত করতে হবে। সে লক্ষ্যে <http://skt.teletalk.com.bd> এর মাধ্যমে নির্ধারিত আবেদন পত্র পূরণ করে online এ রেজিস্ট্রেশন ও ফি জমাদান কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ২৫/০৩/২০২০ তারিখে প্রার্থীর বয়স হিসাব রক্ষক ও অফিস সহায়ক পদের জন্য ১৮ থেকে ৩০ বছর এবং সহকারী শিক্ষক পদের জন্য ২১ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর হবে। বয়স নিরূপণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- আবেদন পূরণ সংক্রান্ত শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ: <http://skt.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে।

- Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ১৬-১০-২০২০ (সকাল-১০:৩০ মিনিট হতে)
- Online-এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ: ১২-১১-২০২০ (বিকাল ৫.০০ টা পর্যন্ত)।

(iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০) Pixel ও রঞ্জিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০) Pixel করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে। উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-২ নং পদের জন্য অফেরতযোগ্য সার্ভিস চার্জসহ ১১২.০০ (একশত বার) টাকা এবং ৩ নং পদের জন্য সার্ভিস চার্জসহ ৫৬ (ছাশ্বাম) টাকা যেকোন টেলিটক মোবাইল নম্বর হতে SMS-এর মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: SKT<space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।

দ্বিতীয় SMS: SKT<space>YES<space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <http://skt.teletalk.com.bd> এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে এবং তিনি উপরোক্ত ওয়েবসাইটের লিংক ব্যবহার করে পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download করে Print (সম্ভব হলে রঞ্জিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

৫। সরাসরি নিয়োগযোগ্য পদের ৬০% মহিলা প্রার্থীগণের দ্বারা পদসমূহ পূরণ করা হবে।

৬। আবেদনকারী যে জেলার স্থায়ী বাসিন্দা তীর প্রার্থিতা উক্ত জেলার প্রযোজ্য উপজেলার জন্য নির্ধারিত থাকবে এবং তীর নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদনুযায়ী নিয়ন্ত্রিত হবে।

৭। বিবাহিত মহিলা প্রার্থীগণ দরখাস্তে তাঁদের স্বামী অথবা পিতার স্থায়ী ঠিকানায় দরখাস্ত করতে পারবেন। তবে দু'টি স্থায়ী ঠিকানার মধ্যে তিনি যেটি দরখাস্তে উল্লেখ করবেন তীর প্রার্থিতা সেই জেলায় স্থায়ীভাবে বিবেচিত হবে।

৮। অসত্য/ভুয়া তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোনো পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তীর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুয়া তথ্য সরবরাহ করার জন্য তীর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর আবেদনপত্রের সাথে সংযুক্ত ছবি ও অন্যান্য সনদপত্র সত্যায়ন করার ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার (৯ম বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা) স্বাক্ষরের নীচে নাম সম্বলিত সীল থাকতে হবে। নিম্নবর্ণিত সত্যায়নকৃত কাগজপত্র মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

(ক) অনলাইন-এ দাখিলকৃত আবেদনের ফটোকপি এবং পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি;

(খ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র;

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;

(ঘ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় সনদ ও কাগজপত্র;

(ঙ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ

চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

(চ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;


১০। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য শিশু কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইট (www.skt.gov.bd) তে পাওয়া যাবে।

১১। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৩। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন বা বাতিল করতে পারবে।

১৪। চূড়ান্ত নিয়োগের সময় পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি পেতে পারে।



(হাবিবুর রহমান)

পরিচালক (অতি: সচিব)

শিশু কল্যাণ ট্রাস্ট

ফোনঃ ০২-৫৫০৭৪৮৮৪